

বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়

Office of the Administrator of Waqf, Bangladesh.

৪, নিউ ইস্কটন রোড, ঢাকা-১০০০ 4 new eskaton road.Dhaka.

ফোন : ৮৯৩৫৭৬৮২, ফ্যাক্স # ৮৯৩৫৭১৭৫, ই-মেইল # waqf.gov.bd@gmail.com Website : www.waqf.gov.bd



স্মারক নং : ১৬.০০০০.০২.০০১.০৬.০০৪.৯০(৪ৰ্থ খন্ড)- ৮৪

তারিখ: ২০/৮/২০২০ খ্রি

বার্ষিক সমন্বয় সভার (২০১৯-২০২০) কার্যবিবরণী

সভাপতি : এম, এম, তারিকুল ইসলাম
ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ।
তারিখ : ২০/৭/২০২০ খ্রি:
সময় : বেলা ১১.০০ ঘটিকা।
স্থান : অনলাইন জুম প্লাটফর্ম।

- ২। সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি তালিকা- পরিশিষ্ট ‘ক’।
৩। পবিত্র কোরআন তেলাওয়াতের পর উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের স্বাগত জানিয়ে জুম প্লাট ফরম সভার কাজ শুরু করা হয়।

ক্রঃ নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	০৫/০২/২০২০ খ্রিস্টাব্দ অনুষ্ঠিত বার্ষিক সমন্বয় সভার কার্যবিবরণী পঠন ও নিশ্চিতকরণ	সভায় বিগত ০৫/০২/২০২০ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তের বিষয়ে কোন আপত্তি না থাকায় তা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	গত ০৫/০২/২০২০ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়।	ওয়াক্ফ প্রশাসক
২	২০১৯-২০ অর্থ বছরের ওয়াক্ফ চাঁদা আদায়	২০১৯-২০২০ অর্থ বছরের ওয়াক্ফ চাঁদা আদায়ের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ওয়াক্ফ চাঁদা আদায়ের ক্ষেত্রে ঢাকা অঞ্চল-২, গাজীপুর ও নরসিংদী, টাঙ্গাইল ও মানিকগঞ্জ, চট্টগ্রাম অঞ্চল-১, মোয়াখালী ও ফেনী, জয়পুরহাট, ঠাকুরগাঁও, কুষ্টিয়া ও মেহেরপুর জেলার চাঁদা আদায় পূর্বের তুলনায় অনেক কম হয়েছে। এ বিষয়ে ওয়াক্ফ পরিদর্শক/হিসাব নিরীক্ষকগণ জানান চাঁদা আদায়ের ভরা মৌসুম হলো এপ্রিল-জুন এ তিন মাস। এ সময় কোডিড-১৯ এর কারণে আদায় ব্যাহত হয়েছে যার কারণে সন্তোষজনক আদায় করা সম্ভব হয়নি। ২০১৯-২০ অর্থ বছরে মোট আদায় ৬,৭১,১১,২৭০/- (ছয় কোটি একাত্তর লক্ষ এগার হাজার দুইশত তেয়াত্তর) টাকা। আদায়ের শতকরা হারে চট্টগ্রাম-৩ অঞ্চল ১ম, পাবনা ও সিরাজগঞ্জ জেলা ২য় এবং ঢাকা অঞ্চল-৪ তৃতীয় স্থান অধিকার করায় ওয়াক্ফ প্রশাসক বাংলাদেশ ধন্যবাদ জানান। পরবর্তী অর্থ বছরে (২০২০-২০২১) ওয়াক্ফ চাঁদা আদায়ে কিভাবে কাঞ্চিত লক্ষ্যে পৌছা যাবে সে বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা হয়।	২.১ সব সময় চাঁদা আদায়ে সতর্ক থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। ২.২ নতুন নতুন কৌশল/ম্যাকানিজিম উন্নয়নপূর্বক তা অনুসরণ করে চাঁদা আদায়ের হার বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২.৩ মোতাওয়ালীদের সহিত পুনঃ পুনঃ যোগাযোগ, ম্যাসেজ ও নোটিশ প্রদানের মাধ্যমে চাঁদা আদায় ত্বরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ওয়াক্ফ পরিদর্শক/হিসাব নিরীক্ষক

(স্বাক্ষর)

৩	প্রমাপ অনুযায়ী তদন্ত ও অডিট।	প্রমাপ অনুযায়ী তদন্ত ও অডিট করার এবং পরবর্তী মাসের ভ্রমণ বৃত্তান্ত পূর্ববর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	প্রমাপ অনুযায়ী প্রতি মাসে ৬টি তদন্ত ও ৮টি অডিট সম্পাদন করার নির্দেশনা সম্বলিত সিদ্ধান্ত গৃহীত হয়।	ওয়াক্ফ পরিদর্শক/ হিসাব নিরীক্ষক
৪	২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রেক্ষিতে কার্যক্রমের অগ্রগতি এবং	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী তদন্ত, অডিট, মোতাওয়াল্লী নিয়োগ, তালিকাভুক্তি, কমিটি গঠন ও অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	(১) চুক্তির লক্ষ্যমাত্রা ১০০ ভাগ অর্জন করতে হবে। (২) লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল প্রমাণক নির্ধারিত কোয়ার্টারে যথাসময়ে শাখার দায়িত্ব প্রাপ্ত সহকারীকে প্রশাসক শাখায় দায়িল করতে হবে।	সহকারী ওয়াক্ফ প্রশাসক, ওয়াক্ফ পরিদর্শক/ হিসাব নিরীক্ষক, শাখা সহকারী
৫	বিবিধ।	বিবিধ বিষয়ে ২০২০-২০২১ অর্থ বছরের লক্ষ্য নির্ধারণের লক্ষ্য বিএফ সিট তৈরি এবং দাবী রেজিস্টার সংশোধনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়ে। তাছাড়া কোডিত-১৯ এর বিষয়েও আলোচনা করা হয়।	৫.১ ২০২০-২০২১ অর্থ বছরের দাবী নির্ধারণের লক্ষ্য বিএফ সিট তৈরি করে ১৫/৯/২০২০ তারিখের মধ্যে হিসাব শাখায় জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ৫.২ কোডিত-১৯ এর কারণে সকলে সামাজিক দুরত্ব ও নিরাপদে থেকে দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রশাসক/শাখা সহকারী সকল কর্মকর্তা/কর্মচারী

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

মোঃ রায়হান কাওছার
১/২০.০৬-২০২০
এম, এম, তারিকুল ইসলাম
(অতিরিক্ত সচিব)
ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ

স্মারক নং : ১৬.০০০০.০২.০০১.০৬.০০৮.৯০(৪খ খণ্ড)- ৮৪ (১-৮৮)

তারিখ ১৫/৮/২০২০ খ্রি:

অনুলিপি সদয় জাতার্থে ও কার্যার্থে :

- ১। উপ-ওয়াক্ফ প্রশাসক (১/২), প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। সহকারী ওয়াক্ফ প্রশাসক (প্রশাসন/ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী), প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। হিসাব রক্ষণ কর্মকর্তা (ভারঃ), প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। ওয়াক্ফ প্রশাসক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়াক্ফ প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। প্রধান সহকারী (অফিস তত্ত্ববিধায়ক)/হিসাব রক্ষক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। জনাব ওয়াক্ফ পরিদর্শক/হিসাব নিরীক্ষক জেলা।
- ৭। জনাব শাখা সহকারী/হিসাব রক্ষক/ক্যাশিয়ার, শাখা।
- ৮। অফিস নথি।

মোঃ রায়হান কাওছার
(উপ সচিব)
সহকারি প্রশাসক (প্রশাসন)
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন
ফোনঃ ৪৯৩৫৭৬১৬

১